



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : college@dinajpureducationboard.gov.bd

স্মারক নং- মাউশিবোদি/কলেজ/নিবন্ধন/২০১৬/৩০০৮(৮)

তারিখঃ ১৯/১২/২০১৬

জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন কলেজসমূহের অধ্যক্ষকে জানানো যাচ্ছে যে, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী অত্র শিক্ষা বোর্ড ভবন-০১ এর কলেজ শাখা হতে অফিস চলাকালীন সময়ে বিতরণ করা হবে।

জেলা নাম	বিতরণের তারিখ	বই আকারে বাঁধাই করার পর জমার তারিখ
রংপুর, গাইবান্ধা, লালমনিরহাট ও কুড়িগ্রাম	২৭/১২/২০১৬	১৭/০১/২০১৭
দিনাজপুর ও পঞ্চগড়	২৮/১২/২০১৬	১৮/০১/২০১৭
নীলফামারী ও ঠাকুরগাঁও।	২৯/১২/২০১৬	১৯/০১/২০১৭

নির্ধারিত সময়ে অধ্যক্ষগণকে অথবা অধ্যক্ষের প্রাধিকার প্রাপ্ত ব্যক্তিকে (প্রাধিকারপত্র সঙ্গে আনতে হবে) ফরওয়ার্ডিং সহ কলেজ শাখা হতে রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করার জন্য অনুরোধ করা হ'ল। ভারপ্রাপ্ত অধ্যক্ষের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের নিকট হতে দায়িত্ব পালনের প্রত্যয়ন পত্র সঙ্গে আনতে হবে।

উল্লেখ্য যে, রেজিঃ কার্ডে ভুল পরিলক্ষিত হলে প্রতি রেজিস্ট্রেশন কার্ডের জন্য ১০০/- (একশত) টাকার ডি ডি ও প্রয়োজনীয় কাগজপত্র সহ অধ্যক্ষের মাধ্যমে আগামী ০২/০১/২০১৭ তারিখে রংপুর, গাইবান্ধা, লালমনিরহাট, কুড়িগ্রাম জেলা এবং ০৩/০১/২০১৭ তারিখে দিনাজপুর নীলফামারী, ঠাকুরগাঁও, পঞ্চগড় জেলার কলেজ সমূহকে কলেজ শাখায় জমা দেওয়ার জন্য বলা হ'ল। রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের সময় কলেজ থেকে ভর্তি বাতিলকৃত শিক্ষার্থীদের তালিকা বোর্ডে জমা দিতে হবে।

সংশোধনের তারিখ উত্তীর্ণ হবার পর যদি কেহ রেজিঃ কার্ড সংশোধনের জন্য বোর্ডে প্রেরণ করেন তাহলে প্রতি রেজিঃ কার্ডে জন্য ৫০০/- (পাঁচশত) টাকার ডিডি জমা দিতে হবে।

বিঃ দ্রঃ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে On-line এ রেজিস্ট্রেশন কৃত ছাত্র-ছাত্রীদের প্রিন্টআউট কপি রেজিস্ট্রেশন গ্রহণের তারিখে উক্ত প্রিন্ট আউট কপি কলেজ পরিদর্শক কক্ষে জমা দিয়ে পরবর্তীতে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে রেজিঃ কার্ড সংগ্রহ করবেন।

অধ্যক্ষ,

অত্র বোর্ডের আওতাধীন সকল কলেজ


(মোঃ ফারাজ উদ্দিন তালুকদার)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

দিনাজপুর।

টেলিফোন- ০৫৩১-৫১৮৮২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থ গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'লঃ

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র শিক্ষা বোর্ড।
- ৩। বিদ্যালয় পরিদর্শক, অত্র শিক্ষা বোর্ড।
- ৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ড।
- ৫। পি, এস, টু চেয়ারম্যান, অত্র শিক্ষা বোর্ড।
- ৬। ওয়েব সাইট কপি।
- ৭। অফিস কপি।